



বেঙ্গালুরুতে আমাদের প্রধান প্রেরিত – সেপ্টেম্বর ২০২৫

”এখনই ভাল কাজ করার সময়”

অনেক প্রত্যাশার সাথে, আমরা রবিবার, ২১ সেপ্টেম্বর ২০২৫ এ আমাদের প্রধান প্রেরিতের পরিদর্শনের মাধ্যমে আধ্যাত্মিক পুনরুজ্জীবনের এক মূহুর্তের জন্য প্রস্তুতি নিচ্ছি। এই ঐতিহাসিক সফরটি কর্ণাটকের বেঙ্গালুরুতে প্রধান প্রেরিতের প্রথম সফরকে চিহ্নিত করে।

আমরা নিউ এ্যাপোস্টলিক চার্চের গোষ্ঠীভুক্ত প্রত্যেক সদস্যকে বিশ্বাস, সহভাগিতা, এবং আনন্দমুখর ঐক্যে একত্রিত হওয়ার আমন্ত্রণ জানাচ্ছি।

প্রধান প্রেরিতের ডিভাইন সার্ভিস

- তারিখ : রবিবার, ২১শা সেপ্টেম্বর ২০২৫
- সময় : সকাল ১১:০০
- মিলনস্থল : জ্যেতি নিবাস প্রেক্ষাগৃহ, করমঙ্গলা ইণ্ডাস্ট্রি লোআউট, করমঙ্গলা, বেঙ্গালুরু, কর্ণাটক ৫৬০০৩৪।

এই উৎসবমুখর ডিভাইন সার্ভিস আমাদের ত্রিত্ব ঈশ্বরের সাথে সহভাগিতার আরেকটি সুযোগ হবে – এটি এমন একটি অনুষ্ঠান যা নিশ্চিতভাবেই স্মৃতিপটে এক স্থায়ী আধ্যাত্মিক ছাপ রেখে যাবে।

রেজিস্ট্রেশন তথ্য

রেজিস্ট্রেশন এখন শুরু হয়েছে। আপনি অনুদান হিসেবে মাথাপিছু ৫০০ টাকা (বা অধিক) মূল্যে এই প্রেক্ষাগৃহে আপনার স্থান রিজার্ভ করতে পারেন। যারা আরও উদারভাবে অনুদান দিতে চান, এই মহান কাজে সহায়তা করার জন্য তাদেরকে স্বাগত।

যেহেতু বসবার স্থান সীমিত, তাই আপনার স্থানটি নিশ্চিত করার জন্য তাড়াতাড়ি বুকিং শুরু করুন! যদি আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে আপনার জেলা রেস্টুর বা এ্যাপোস্টল এর সঙ্গে যোগাযোগ করুন।

পবিত্র প্রভুর ভোজ বিতরণকারী, সাহায্যকারী, এবং আশারসুদেরকে অনুরোধ করা যাইতেছে যে শ্লুট বুকিংয়ের নির্দেশাবলীর জন্য তারা যেন সরাসরি তাদের সংশ্লিষ্ট প্রেরিতদের সাথে যোগাযোগ করে। অনুগ্রহপূর্বক মনে রাখতে হবে যে ডবল বুকিং এর অর্থ ফেরৎ দেওয়া হবে না। রেজিস্ট্রেশন মূল্য হল অগ্রিম দান এবং ফেরতযোগ্য নয়।

আপনি এই লিঙ্কের মাধ্যমে আপনার রেজিস্ট্রেশন করতে পারেন – <https://www.townscript.com/e/ka01ca2025-gf>



বেঙ্গালুরুতে আমাদের প্রধান প্রেরিত – সেপ্টেম্বর ২০২৫

উপাসনা পরবর্তীকালে সহভাগিতা & কমিউনিটি মধ্যাহ্নভোজ

ডিভাইন সার্ভিসের পর, আপনারা সকলে এক সুস্বাদু মধ্যাহ্নভোজে আমন্ত্রিত। একটি সুষ্ঠু ও সুসংগঠিত অভিজ্ঞতা নিশ্চিত করতে স্বেচ্ছাসেবকদের নির্দেশিকা মেনে চলতে আপনাদেরকে অনুরোধ জানাই।

আপনার সময়সূচীটি জানালে আয়োজকরা সেই ক্রমানুযায়ী আপনাকে খাদ্য পরিবেশন করতে পারবে। আপনার মধ্যাহ্ন ভোজের পালার জন্য অপেক্ষা করার সময়, গল্পগলোতে অংশগ্রহণ করা, পরস্পরের সাথে সংযোগ আরও গভীর করা এবং এক স্থায়ী সম্পর্ক তৈরি করার সুযোগ নিন।

যাতায়াত & বাসস্থানের আয়োজন

বহিরাগত যোগদাতাদের স্বাচ্ছন্দ্য ও আরাম নিশ্চিত করার জন্য বিশেষ ব্যবস্থা করা হয়েছে। অনুষ্ঠানে আগত সদস্যগণের জন্য সাশ্রয়ী মূল্যে থাকার ব্যবস্থা এবং শাটল পরিবহন ব্যবস্থা রয়েছে, যা অলাভজনক ভিত্তিতে ন্যূনতম অতিরিক্ত খরচে উপলব্ধ।

রিজার্ভেশন্, ভ্রমণ ব্যবস্থা বা থাকার ব্যবস্থা সংক্রান্ত তথ্যের জন্য, অনুগ্রহপূর্বক আপনার এলাকার নেতা অথবা এ্যাপোস্টলের সঙ্গে যোগাযোগ করুন।

সেপ্টেম্বর ২০২৫ – আমাদের প্রধান প্রেরিতের মাধ্যমে এক আত্মিক পুনরুজ্জীবন

অন্তিম মূহূর্ত উপস্থিত হয়েছে !

আসুন আমরা আমাদের প্রিয় প্রধান প্রেরিতের হৃদয় ও হস্তকে শক্তিশালী করি, বিভেদ সৃষ্টিকারী শক্তির বিরুদ্ধে লড়াই করার এবং সুসমাচারের বিশ্বস্ততা বজায় রাখতে আমাদের শপথগুলি পুনর্নবীকরণের জন্য একত্রিত হই।

এই বার্তা সকলের কাছে ছড়িয়ে দিন। আপনার প্রিয়জনদের আমন্ত্রণ জানান। আপনার বুকিং নিশ্চিত করুন আর এই কর্মসূচীকে ঐক্যসাধন, অতীষ্ট সাধন এবং “ভাল কর্ম কর” এই নিরন্তর আহ্বানের অনুষ্ঠানে পরিণত করুন।

#EeSalaBengaluru | #ThisTimeBengaluru | #ItsTimeToDoGood